# কোন এক দিন







লক্ষ লক্ষ দিনের জোয়ারে—হঠাৎ সেদিন কুড়িয়ে পেলাম একটা ছোট্ট ঝিনুক। যার মাঝে ছিল আমার মিষ্টি মধুর স্বপ্নে দেখা "কোন এক দিন"।

বিয়েকে এড়াবার জন্য বেরিয়ে পড়লাম বন্ধুর ট্যাক্সি নিয়ে। নেহাতই সখের খেয়াল। WBT 2037 নম্বরটাও সঠিক মনে ছিল না সেদিন। মা বাবার অকৃপণ স্নেহে, অর্থের স্বাচ্ছেল্যে মানুষ আমি। দুঃখ দৈন্য গল্পেতে পড়তে ভারী ভাল লাগত। কিন্তু তাদের মিছিল যে এত সহজে এত গভীর সুরে অনুভব করব, তা স্বপ্নেও ভাবি নি।

ট্যাক্সির প্রথম সওয়ার নামাবলী জড়ান পুরুত মশাই, কালীঘাটের গঙ্গায় ডুব দিয়ে আর ফিরলেন না। শুরু হলো ভাড়া না পেয়ে আমার পরিক্রমা।

এলেন মায়ের দাবীতে এক বিচিত্র মহিলা। বিবাহ বিচ্ছেদের যূপকাষ্ঠে মাতৃস্নেহকে বলি দিতে পারেন নি। এর করুণ সুরে মনটা কেঁপে উঠল। কিন্তু পরেই নবাগত দেশওয়ালি নিয়ে উঠলেন তাঁর দেশেরই এক ভাই। তাঁদের কলকাতা আমার কাছে এক নতুন রূপ নিয়ে সাজল। হাসির উড়ন তুবড়ী ছুটিয়ে তাঁরা মিশে গেলেন অসংখ্য মানুষের ভীড়ে। কিন্তু সেই রেসুড়ে মনটাকে মাতাল করে দিলেন একই সুরে।





স্বার্থের সাথে জড়িয়ে দাদা যখন মা-বাবা ভাইবোনকে ভাবল না, তখন মৃত্যুই কি তার উত্তর দিয়েছিল? মেডিকেল কলেজ হাঁসপাতালে তাকে নামিয়ে ভেবে ছিলাম সেই কথা: কিন্তু ভাববার অবকাশ কই? এক কচি জীবনের ধাক্কা আমাকে সচল করে দিল। জীবনই সব চেয়ে বড় কথা।

মনের নির্জনতায় ছায়া ফেলে গেলো এক প্রেমিক যুগল। অভাব অভিযোগ ঢাকা জীবনে মনের রঙীণ দাগ কি মুছে যাবার? কই অত বৃষ্টিতে তো মোছে নি?

খুনী কে! এই প্রশ্নের উত্তর দিতে পারিনি প্রেসিডেন্সী জেল থেকে যাকে নিয়ে গেলাম তাঁর হারানো মনের ছায়ায়। শেষ তাঁর কি হ'লো আজও জানি না—। ভগবান তাঁকে শান্তি দিন।


আমার ছেলেকে বাড়ী ফিরিয়ে দাও মা। ঠণ্ঠনে কালীবাড়ীর দিকে তাকিয়ে কার আকুতি শুনলাম? হঠাৎ মার জন্য মনটা কেঁদে উঠল। যাব, মার কাছে ফিরে যাব।


কিন্তু পারলাম না।

কেন পারলাম না? না, আজ আর বলব না। বাকীটুকু দেখে নিন। বলার চেয়ে অনেক অনেক গুণে ভাল লাগবে। তাছাড়া আমারও একটু লজ্জা আছে তো। নমস্কার।

বিনীত

কমলেশ।





—প্রধান ভূমিকায়—

নির্ম্মল কুমার

সুপ্রিয়া চৌধুরী

ও

WBT 2037

—অন্যান্য চরিত্রে—

মলিনা দেবী

শোভা সেন

নমিতা সিন্‌হা

পদ্মা দেবী

রেনুকা রায়


তপতী ঘোষ

শীলা পাল

কুমারী ছন্দা







অসিত বরণ

কমল মিত্র

অনিল চ্যাটার্জী

শিশির বটব্যাল

গঙ্গাপদ বসু

সত্য বন্দ্যোপাধ্যায়

তুলসী চক্রবর্তী

জহর রায়

শ্যাম লাহা

নৃপতি চ্যাটার্জী

হরিধন মুখার্জী

গুরুদাস বন্দ্যোপাধ্যায়

ধীরাজ দাস

সবিতাব্রত দত্ত

শৈলেন মুখার্জী

নব গোপাল


রবি বোস

সুশীল চক্রবর্তী

মাষ্টার কুমার শঙ্কর

স্বপন মুখার্জী





# সঙ্গীত

( ১ )

খোকা এসো, খুকু এসো,
খোকা এসো, খুকু এসো দেরী ক'রনা,
এসো তোতন নেপা, এসো হাবুল টেঁপা
দেখো আবার হোঁচট খেয়ে হড়কে পড়না,

কানেই শুধু শুনেছ সব আজবপুরীর গল্প ঢের
মজার সে দেশ দেখতে কেমন চোখে
দেখেই পাবে টের

খোকা গো, ঠাকুরদাদার গল্প এ নয়
নিজের চোখেই দেখ আজ
এই বাক্সেই বন্দী আছে, তেপান্তর আর
পক্ষীরাজ
এ সুযোগ হারিয়ে যেন কেঁদে মরনা
এই ফুটোর কাঁচে লাগাও না চোখ
ছুমন্তর চিচিংফাঁক
আগ্রা দিল্লী বোম্বাই দেখ
দেখেই জানি লাগবে তাক

ধুতি পাতলুন পায়জামা লুঙ্গি
এক এক ঠাঁয়ে একএক বেশ
সাজেই তফাৎ মনে আমরা
একটি জাতি একটি দেশ
একবার দেখে দেখতে আবার
বায়না ধরনা !



( ২ )

ওগো পথ তোমার কথা কেউ তো ভাবেনা
কেউ জানেনা তোমার ইতিহাস
কারো কানে বাজেনা তো তোমার দীর্ঘশ্বাস
তোমার প্রতি ধুলিকণায় ছড়িয়ে আছে জানি
মুছে যাওয়া কত প্রাণের কান্না হাসির বাণী
তোমার হৃদয় সবাই দলে যায়
তবু তোমার কথা ভাবার কারও
নেই যে অবকাশ
তোমার পথেই নবজাতক আসে মায়ের কোলে
আবার তোমার পথেই যে জন যাবার
যায় সে ওগো চলে
যা দেখালে যা জানালে হৃদয়ে মোর তুলে
আমার নতুন অভিজ্ঞতার দুয়ার দিলে খুলে
সেই তো ওগো পরশ রতন মোর
সে যে মিটিয়ে দিল অজানারে
জানার অভিলাষ।



বঙ্কিম ব্যানার্জীর প্রযোজনায়

মুভি মেকার্স (ইণ্ডিয়া)-র নিবেদন

# "কোন এক দিন"

চিত্রনাট্য ও পরিচালনা

**অসীম ব্যানার্জী**

মূল কাহিনী—**সুবীর হাজরা**

পরিবর্ধন ও সংলাপ—**শ্রীপ্রহ্লাদ**

সুর—**সরোজ কুমারী**

গীতরচনা--**গৌরীপ্রসন্ন মজুমদার**

কণ্ঠদান--**মানবেন্দ্র মুখোপাধ্যায়**

**শ্যামল মিত্র**

চিত্রগ্রহণ—**অনিল ব্যানার্জী**

শব্দগ্রহণ—**মনি বোস**

**অবনী চ্যাটার্জী** (বহিঃদৃশ্যে)

শিল্প-নির্দেশ—**সুনীতি মিত্র**

সম্পাদনা—**শিব ভট্টাচার্য্য**

ব্যবস্থাপনা—**প্রতাপ মজুমদার**

রূপসজ্জা—**অনাথ মুখার্জী**

আলোক সম্পাত—**দুলাল শীল**

স্থিরচিত্র—**ব্রুম**

দৃশ্যপট—**কবি দাশগুপ্ত**

—সহকারী—

প্রধান সহকারী পরিচালক

**সত্য রায়,** সি,এ,ডি,এ,

চিত্রগ্রহণ—**মনীশ দাশগুপ্ত,** এস,এ,সি

**শঙ্কর গুহ** ,,

শিল্পনির্দেশ—**বুদ্ধদেব ঘোষ**

শব্দগ্রহণ—**রথীন ঘোষ**

সম্পাদনা—**অমলেশ সিকদার**

ব্যবস্থাপনা-**কুমার মুখার্জী** (টেকো)

দৃশ্যপট—

ষ্টুডিও সাপ্লাই কো-অপারেটিভ সোসাইটি লিঃ এ গৃহীত ও ফিল্ম্ সার্ভিসেস লেবরেটরীতে বিজন রায়ের তত্বাবধানে পরিস্ফুটিত

ইণ্ডিয়া ফিল্ম লেবরেটরীজ প্রাইভেট লিমিটেডে সত্যেন চট্টোপাধ্যায় কতৃর্ক সঙ্গীত গ্রহণ

—কৃতজ্ঞতা স্বীকার—

এম, শুক্লা, কালী ব্যানার্জী, ( কর্ণ ফিল্ড্ রোড, ) প্রানলাল ভোরা, রুবী ষ্টোরস্, মডার্ণ ডেকরেটার্স, ইষ্টার্ণ রেলওয়ে, ক্যালকাটা ইম্প্রুভমেণ্ট ট্রাস্ট, সুনীল মুখার্জী ( WBT 2037 ) সত্যেন দাস।

প্রচার সচিব—**বাগীশ্বর ঝা**

একমাত্র পরিবেশক—**হিন্দুস্থান সুপার ফিল্মস্ প্রাইভেট লিঃ**

৬২, বেন্টিঙ্ক ষ্ট্রীট, কলিকাতা-১।



S.SQUARE